# প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা, ২০১৭

## বিষয় ঃ বাংলা

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

[দক্ষিন পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক]

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১, ২, ৩ ও ৪ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :**

একই দেশ, একই মানুষ অথচ কত বৈচিত্র্য। এটাই বাংলাদেশের গৌরব। সবাই সবার বন্ধু, আপনজন। এদেশে রয়েছে নানা ধর্মের লোক। হিন্দু, মুসলমান, বৌদ্ধ ও খ্রিষ্টান। সবাই মিলেমিশে আছে যুগ যুগ ধরে। এ রকম খুব কম দেশেই আছে। আমাদের বাংলাদেশের বাইরেও অনেক বাঙালি আছে। বাংলাদেশের এই যে মানুষ, তাদের পেশাও কত বিচিত্র। কেউ জেলে, কেউ কুমার, কেউ কৃষক, কেউ আবার কাজ করে অফিস-আদালতে। সবাই আমরা পরস্পরের বন্ধু। একজন তার কাজ দিয়ে আরেকজনকে সাহায্য করছে। গড়ে তুলছে এই দেশ। *[এই দেশ এই মানুষ]*

**১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১ × ৫ = ৫

**(১) আলোচ্য অনুচ্ছেদে কোন বিষয়ের কথা বলা হয়েছে?**

(ক) বাংলাদেশ ও মানুষ (খ) ভিনদেশ

(গ) পরজনমের (ঘ) জাপানের

**(২) বাংলাদেশের গৌরব বলতে কী বোঝানো হয়েছে?**

(ক) সকলের ধর্ম একই

(খ) সকলের পেশা একই

(গ) সকলে সৌহার্দপূর্ণভাবে বসবাস করে

(ঘ) সংঘাতের মধ্যে বসবাস করে

**(৩) এরা সকলে পরস্পর পরস্পরের–**

(ক) আত্মীয় (খ) আপনজন

(গ) বন্ধু (ঘ) শত্রু

**(৪) বাংলাদেশে প্রধানত কয় ধর্মের লোক বাস করে?**

(ক) এক (খ) দুই

(গ) তিন (ঘ) চার

https://teachingbd24.com

(৫) একজন তার কাজ দিয়ে আরেকজনকে সাহায্য করে কী গড়ে তুলেছে?

(ক) গ্রাম (খ) শহর

(গ) বিভাগ (ঘ) দেশ

২। **নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ :** ১ + ২ + ২ = ৫

(ক) কোন দেশে জন্মগ্রহণ করেছি বলে আমরা গর্ববোধ করি?

(খ) কারা যুগ যুগ ধরে মিলেমিলে আছে তা দুটি বাক্যে লেখ।

(গ) "সবাই আমরা পরস্পরের বন্ধু" – কীভাবে বন্ধুত্ব গড়ে তোলা যায়? তোমার নিজের ভাষায় দুটি বাক্যে লেখ।

৩। **প্রদত্ত শব্দগুলোর অর্থ লেখ :** ৫

বৈচিত্র্য, গৌরব, যুগ, বাঙালি, পেশা।

৪। **প্রদত্ত অনুচ্ছেদটির সারাংশ লেখ।** ৫

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫, ৬ ও ৭ নম্বর ক্রমিকের প্রশ্নগুলোর উত্তর লেখ :**

এক দেশে এক রাজা ছিলেন। তার ছিল অগাধ ধন-সম্পদ, সৈন্য-সামন্ত, হাতি-ঘোড়া, স্ত্রী-ছেলেমেয়ে। কিন্তু তার মনে কোনো সুখ ছিল না। রাজা চিন্তা করতেন, 'আমার সবই আছে, কিন্তু এসব কিছু আমাকে সুখী করতে পারছে না।' একদিন সভাসদ ডেকে রাজা চিৎকার করে বললেন, 'কী করলে আমি সুখী হব?' রাজার বিলাপ শুনে সভাসদগণ মুক্ত আকাশের দিকে অপলক তাকিয়ে থাকার এবং সংগীত শোনার পরামর্শ দিলেন। শুনে রাজা রেগে আগুন হয়ে গেলেন। অবশেষে মুখ্যমন্ত্রী রাজাকে সুখী মানুষের জামা পরার পরামর্শ দিলেন। এটি রাজার পছন্দ হলো এবং সুখী মানুষকে খুঁজে বের করার জন্য সৈন্য পাঠিয়ে দিলেন প্রত্যন্ত অঞ্চলে। খুঁজতে খুঁজতে বনের মধ্যে এক কুঁড়েঘরে দেখা গেল শক্ত সমর্থ ছোটখাটো এক ছেলে আপন মনে কাজ করে চলেছে। মুখখানি তার অনাবিল হাসিতে উদ্ভাসিত। সে বলল, 'আমি পৃথিবীতে সবচেয়ে সুখী মানুষ।' সৈন্যরা তাকে মহাসমাদরে নিয়ে এলো রাজবাড়িতে। রাজা তক্ষুণি তার জামা পরতে চাইলেন। কিন্তু তার কোমরের কাছে একচিলতে কাপড় ছাড়া সারা গা খালি। রাজা বললেন, 'তোমাকে অনেক ধনরত্ন দেব, তোমার জামাটি কোথায় লুকিয়ে রেখেছ? আমাকে দাও।' ছেলেটি বলল, 'রাজামশায় আমার কোনো জামা নেই। রাজা ভাবলেন, 'ছেলেটির পরার মতো একটি জামাও নেই অথচ সে-ই পৃথিবীর

Teachingbd24.com

সবচেয়ে সুখী মানুষ! কিন্তু এতকিছু থাকার পরও আমার মনে কোনো সুখ নেই।' রাজা বুঝতে পারলেন শুধুমাত্র ধন-সম্পদই মানুষকে সুখী করে না। সেদিন থেকেই তার দৃষ্টিভঙ্গি ও জীবনযাপন পাল্টে গেল।

**৫। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১ × ৫ = ৫

**(১) রাজাকে কে সুখী মানুষের জামা পরার পরামর্শ দিলেন?**

(ক) সভাসদ (খ) উজির

(গ) মুখ্যমন্ত্রী (ঘ) রানি

**(২) সুখী মানুষকে কোথায় খুঁজে পাওয়া গেল?**

(ক) বনের মধ্যে গাছের নিচে (খ) বনের মধ্যে কুঁড়েঘরে

(গ) পাহাড়ের ধারে (ঘ) বনের মধ্যে নদীর ধারে

**(৩) এই অনুচ্ছেদ থেকে শিক্ষণীয় বিষয় হলো, সুখী হওয়ার মূল উপাদান—**

(ক) ধন-সম্পদ (খ) সৈন্য-সামন্ত

(গ) স্ত্রী-সন্তান (ঘ) নির্লোভ মন

**(৪) নিচের কোন শব্দটি সঠিক?**

(ক) অস্চর্য (খ) আশ্চর্য

(গ) আষ্চর্য (ঘ) আশ্চর্য্য

**(৫) মনে কর, তুমি অসুস্থ হয়েছ তখন তুমি কী পেলে সবচেয়ে খুশি হবে?**

(ক) খাবার পেলে (খ) বই পেলে

(গ) টাকা পেলে (ঘ) চিকিৎসা পেলে

**৬। নিচের কয়েকটি শব্দ এবং শব্দার্থ দেওয়া আছে। উপযুক্ত শব্দটি বাছাই করে নিচের বাক্যগুলোর শূন্যস্থান পূরণ করে উত্তরপত্রে লেখ :** ১ × ৫ = ৫

| শব্দ | অর্থ |
|---|---|
| অঞ্চলে | এলাকায় |
| গা | শরীর |
| সমাদরে | অনেক আদরে |
| উদ্ভাসিত | প্রকাশিত/বিকশিত |
| অপলক | পলক না ফেলে |
| অনাবিল | ময়লা নয় এমন/নির্মল |
| মুক্ত | খোলা/অনাবৃত |

Teachingbd24.com

(ক) ছেলেটির সারা —— কর্দমাক্ত ছিল।

(খ) অনেকদিন পর গ্রামে বেড়াতে গিয়ে আমাদের মন —— আনন্দে ভরে উঠল।

(গ) গ্রামবাংলার মানুষ এখনও মাটির তৈরি জিনিসকে —— গ্রহণ করে।

(ঘ) আমাদের দেশে পার্বত্য —— বিভিন্ন জাতিসত্তার লোক বাস করে।

(ঙ) অনেকদিন পর মাকে কাছে পেয়ে মেয়েটি —— তাকিয়ে থাকল।

**৭। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ :**

(ক) সভাসদগণ রাজাকে সুখী করার জন্য কী কী করলেন? পাঁচটি বাক্যে লেখ। ৫

(খ) রাজার মনে সুখ ছিল না কেন? পাঁচটি কারণ লেখ। ৫

(গ) জীবনে সুখী হওয়ার জন্য তুমি নিজে কী কী করবে? তোমার পাঁ।চটি করণীয় লেখ। ৫

**৮। নিচের যুক্তবর্ণগুলো ভেঙে দেখাও ও প্রতিটি যুক্তবর্ণ দিয়ে তৈরি শব্দ দ্বারা একটি করে বাক্য রচনা কর :** ২ × ৫ = ১০

(ক) ক্স (খ) র্ক (গ) ঞ্চ (ঘ) ত্র (ঙ) জ্ঞ

**৯। নিচের অনুচ্ছেদটিতে বিরামচিহ্ন বসিয়ে উত্তরপত্রে লেখ :** ৫

মামাকে জিজ্ঞেস করলাম এটা কীসের হাঁড়ি মামা বললেন এটা শখের হাঁড়ি শখ করে পছন্দের জিনিস এই সুন্দর হাঁড়িতে রাখা হয়

**১০। নিচের বাক্যগুলোকে এককথায় প্রকাশ কর :** ৫

(ক) কোথাও উন্নত কোথাও অবনত (খ) বেশি কথা বলে যে

(গ) ভিন্ন দেশে যে বাস করে (ঘ) অক্ষির সম্মুখে

(ঙ) যা কষ্টে ভেদ করা যায়

**১১। নিচের শব্দগুলোর প্রত্যেকটির একটি করে সমার্থক শব্দ লেখ :** ৫

(ক) পাহাড় (খ) হাত (গ) ফসল (ঘ) গাছ (ঙ) বৃষ্টি

**১২। নিচের কবিতাংশটুকু পড়ে ক, খ ও গ নং প্রশ্নগুলোর উত্তর লেখ :**

শিক্ষকে কন– 'জাঁহাপনা, আমি বুঝিতে পারি নি, হায়,
কী কথা বলিতে আজিকে আমায় ডেকেছেন নিরালায়?'
বাদশাহ কহেন, 'সে দিন প্রভাতে
দেখিলাম আমি দাঁড়ায়ে তফাতে

Teachingbd24.com

https://teachingbd24.com

নিজ হাতে যবে চরণ আপনি করেন প্রক্ষালন,
পুত্র আমার জল ঢালি শুধু ভিজাইছে ও চরণ।
নিজ হাতখানি আপনার পায়ে বুলাইয়া সযতনে
ধুয়ে দিল নাক কেন সে চরণ, বড় ব্যথা পাই মনে।'

(ক) বাদশাহ মনে এত ব্যথা পেয়েছিলেন কেন? ব্যথা পাওয়ার দুটি কারণ লেখ। ২

(খ) কবিতাংশটির মূলভাব পাঁচটি বাক্যে লেখ। ৫

(গ) তোমার শিক্ষকের প্রতি তুমি কী দায়িত্ব পালন করবে? তিনটি দায়িত্বের কথা লেখ। ৩

**১৩। মনে কর, তুমি রুমি/রানা। তুমি পলাশতলি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির ছাত্র/ছাত্রী। তোমার শ্রেণি রোল ১৬। তুমি পলাশতলি সাধারণ পাঠাগারের সদস্য হতে ইচ্ছুক। তোমার তথ্য দিয়ে নিচের ফরমটি পূরণ কর : ৫**

**সদস্য ফরম**

১. নাম : ..............................................

২. বিদ্যালয়ের নাম : ....................................

৩. শ্রেণি : ..............................................

৪. রোল : ..........................................

৫. কী ধরনের বই পছন্দ : ..............................

**১৪। মনে কর, তুমি সাথী/সৈকত। তুমি লক্ষ্মীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণির ছাত্র/ছাত্রী। তোমার শ্রেণি রোল ৮। তোমার বিদ্যালয়ে নিরাপদ পানির অভাব। নিরাপদ পানির ব্যবস্থা করার আবেদন জানিয়ে প্রধান শিক্ষকের কাছে আবেদনপত্র লেখ। ৫**

**১৫। নিচের যেকোনো একটি বিষয়ে ২০০ শব্দের মধ্যে রচনা লেখ : ১০**

(ক) **বাংলাদেশের জাতীয় পাখি দোয়েল :** *ভূমিকা, আকৃতি-প্রকৃতি, খাদ্য ও বাসস্থান, উপসংহার।*

(খ) **প্রিয় শিক্ষক :** *ভূমিকা, প্রিয় হওয়ার কারণ, পাঠদান পদ্ধতি, তোমার জীবনে শিক্ষকের অবদান, উপসংহার।*

(গ) **নিজ বিদ্যালয় :** *ভূমিকা, বিদ্যালয়ের বর্ণনা, জীবনে বিদ্যালয়ের অবদান, বিদ্যালয়ের জন্য করণীয়, উপসংহার।*

(ঘ) **কম্পিউটার :** *ভূমিকা, কম্পিউটার কী, কম্পিউটারের বিভিন্ন অংশ, শিক্ষাক্ষেত্রে কম্পিউটারের অবদান, উপসংহার।*

teachingbd24.com